

শিক্ষাপ্রতিষ্ঠানে চলতি মাসে টানা ছুটি আসছে, শুরু ১৮ অক্টোবর

দৈনিক শিক্ষাডটকম প্রতিবেদক

প্রকাশিত: ০২ অক্টোবর, ২০২৬ ০৩:২৬ অপরাহ্ন



এআই জেনারেটেড প্রতীকী ছবি

সনাতন ধর্মাবলম্বীদের সবচেয়ে বড় ধর্মীয় উৎসব শারদীয় দুর্গাপূজা উপলক্ষে শিক্ষাপ্রতিষ্ঠানে আসছে টানা ছুটি। আগামী ১৮ অক্টোবর থেকে এ ছুটি শুরু হচ্ছে।

শিক্ষা মন্ত্রণালয়ের বার্ষিক ছুটির তালিকা বিশ্লেষণে দেখা যায়, সরকারি-বেসরকারি কলেজে সবচেয়ে বেশি ছুটি রয়েছে। সাপ্তাহিক ছুটিসহ অক্টোবরে মোট ২০ দিন অবকাশ থাকবে। এর মধ্যে দুর্গাপূজা ও লক্ষ্মীপূজা উপলক্ষে ১৮ থেকে ২৯ অক্টোবর পর্যন্ত ছুটি রয়েছে। এর সঙ্গে ছুটির আগে ও পরে সাপ্তাহিক বন্ধের দিন যুক্ত হওয়ায় কলেজে টানা ১৬ দিন বন্ধ থাকবে শ্রেণি কার্যক্রম। এ ছাড়া অক্টোবরে আরো চার দিন সাপ্তাহিক ছুটি রয়েছে। ফলে সরকারি ও বেসরকারি কলেজে অক্টোবরে ১০ দিন ক্লাস চলবে।

সরকারি-বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়গুলোতে ১৮ থেকে ২২ অক্টোবর পর্যন্ত ছুটি থাকবে। এর সঙ্গে ছুটির আগে ও পরে সাপ্তাহিক বন্ধ এবং ২৫ অক্টোবর লক্ষ্মীপূজার ছুটি যুক্ত হবে। ফলে মোট টানা ছুটি থাকবে ১০ দিন। এ ছাড়া আরো সাপ্তাহিক ছুটি থাকবে। সব মিলিয়ে অক্টোবরে মাধ্যমিক বিদ্যালয়গুলোতে ১৫ দিন ক্লাস চলবে।